



## -ঃ নিয়োগ বিজ্ঞপ্তি :-

ঢাকা বিশ্ববিদ্যালয় :- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নে রক্ষিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে :-

### ১। ফলিত গণিত বিভাগ

|  |           |   |
|--|-----------|---|
| ল্যাব. টেকনিশিয়ান(পুন: বিজ্ঞপ্তি)<br>টাঃ-১২৫০০-৩০২৩০/-বেতন<br>স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১ (এক) টি | প্রার্থীকে গণিত বিষয়সহ বিজ্ঞানে স্নাতক পাস এবং কম্পিউটার বিজ্ঞানে Hardware/ Software সহ Networking-এ কমপক্ষে ০১(এক) বছরের ডিপ্লোমা থাকিতে হইবে। অথবা এস.এস.সি পাশসহ ০৪(চার) বছর মেয়াদী কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং(CSE)-এ ডিপ্লোমা ডিগ্রি থাকিতে হইবে। সংশ্লিষ্ট কাজে ০৪(চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। তবে সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা অথবা উচ্চতর প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের বাস্তব অভিজ্ঞতার সময়কাল শিথিলযোগ্য। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
|--|-----------|---|

### ২। রোকেয়া হল

|  |           |   |
|--|-----------|---|
| অফিস সহকারি কাম কম্পিউটার<br>মুদ্রাক্ষরিক<br>টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১ (এক) টি | প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাস হইতে হইবে। প্রার্থীকে সরকার অনুমোদিত যে কোনো প্রতিষ্ঠান থেকে কম্পিউটারের উপর ন্যূনতম অফিস এপ্লিকেশন কোর্স সম্পন্ন হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
|--|-----------|---|

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাঁহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাঁহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোষ্টাল অর্ডার গ্রহণ যোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবরে লিখিত দরখাস্ত আগামী ২৪-০৯-২০২০ খ্রীস্টাব্দ/০৯-০৬-১৪২৭ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান-এর অফিসে এবং ক্রমিক-২-এর আবেদনপত্র রোকেয়া হলের প্রভোস্ট-এর অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।